ট্যাংক দুর্ঘটনায় নিহত দুই সেনাসদস্যের পরিচয় প্রকাশ



ছবি: সংগৃহীত

চট্টগ্রামের হাটহাজারী ফিল্ড ফায়ারিং রেঞ্জে সেনাবাহিনীর প্রশিক্ষণের সময় ট্যাংক থেকে গোলাবর্ষণের ঘটনায় নিহত দুই সেনাসদস্যের পরিচয় প্রকাশ করেছে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)। তারা হলেন সৈনিক আবু বকর সিদ্দিক পিয়াস ও সৈনিক তাসনিম রিফাত।

বুধবার (৯ সেপ্টেম্বর) প্রশিক্ষণ চলাকালে ট্যাংক থেকে গোলাবর্ষণের একপর্যায়ে আকস্মিক এ দুর্ঘটনা ঘটে। এতে দুই সেনাসদস্য নিহত হন। একই ঘটনায় এক সেনা কর্মকর্তা গুরুতর আহত হয়েছেন।

আইএসপিআর জানিয়েছে, আহত কর্মকর্তাকে উন্নত চিকিৎসার জন্য হেলিকপ্টারে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) নেওয়া হয়েছে। দুর্ঘটনার প্রকৃত কারণ জানতে প্রয়োজনীয় কার্যক্রম চলছে।

নিহত সৈনিক আবু বকর সিদ্দিক পিয়াস নোয়াখালীর কবিরহাট উপজেলার সুন্দলপুর ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের আব্দুল ওয়াহাবের ছেলে। কয়েক দিন আগেই তিনি সন্তানের বাবা হয়েছিলেন। সদ্যজাত সন্তানকে রেখে তার আকস্মিক মৃত্যুতে পরিবার ও স্বজনদের মধ্যে নেমে এসেছে শোক। শোকের ছায়া পড়েছে পুরো এলাকাতেও।

অন্যদিকে, নিহত সৈনিক তাসনিম রিফাত রাজশাহীর পবা উপজেলার দামকুড়া ইউনিয়নের বিন্দারামপুর গ্রামের বাসিন্দা। তিন ভাই ও এক বোনের মধ্যে তিনি ছিলেন মেজো। প্রায় এক দশক ধরে বাংলাদেশ সেনাবাহিনীতে কর্মরত ছিলেন রিফাত। মৃত্যুকালে তিনি ‘জুঁই’ নামে আড়াই বছর বয়সী এক কন্যাসন্তান রেখে গেছেন।